# গোলাম রাব্বানীর পরিবর্তে ডাকসুর জিএস ঘোষণা রাশেদ খানকে




ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে ২০১৯ সালে সাধারণ সম্পাদক (জিএস) পদে নির্বাচিত গোলাম রাব্বানীর ছাত্রত্ব বাতিলের পর ওই পদে দ্বিতীয় সর্বোচ্চ ভোট পাওয়া মো. রাশেদ খানকে জিএস ঘোষণা করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট।

সোমবার (৩১ আগস্ট) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ তথ্য জানান রাশেদ খান।

পোস্টে তিনি দাবি করেন, নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম রাব্বানীর এমফিলের ছাত্রত্ব বিশ্ববিদ্যালয় গঠিত তদন্ত কমিটির অনুসন্ধানে অবৈধ হিসেবে প্রমাণিত হয়েছে। এ বিষয়ে দেওয়া কারণ দর্শানোর নোটিশের সন্তোষজনক জবাব দিতে না পারায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী তার ছাত্রত্ব বাতিল করা হয়।

LENS ASIA

এর পরিপ্রেক্ষিতে ডাকসুর জিএস হিসেবে গোলাম রাব্বানীর পদও বাতিল করা হয়েছে বলে পোস্টে উল্লেখ করেন রাশেদ খান। তিনি জানান, ২০১৯ সালের ডাকসু নির্বাচনে জিএস পদে দ্বিতীয় সর্বোচ্চ ভোট পাওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট তাকে ওই পদে ঘোষণা করেছে।

তবে এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি।